গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.০০১.১৯- ৪৬৫ তারিখঃ ১১-১১-২০১৯ খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

### অভিন্ন ভর্তি পরীক্ষার মাধ্যমে সরকারি ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে **১ম বর্ষ** বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান।

ভর্তির আবেদন "বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা ২০১৯" অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে ঃ

১. আবেদনকারিকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. প্রার্থীকে ২০১৮ ও ২০১৯ ইংরেজী সালে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ এবং ২০১৬ ও ২০১৭ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) ঃ বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ (গ্রেড পয়েন্ট এভারেজ) ৩.০০ এর কম হবে না এবং উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

৪. ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারিঃ যে কোন বিভাগ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ (Grade Point Average) ৬.০০ থাকতে হবে। তবে কোন একটি পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ২.৫০ এর কম হবে না। **ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে কেবলমাত্র মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারবেন।**

৫. **অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলী ভালভাবে পড়ে, বুঝে অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে।**

৬. অনলাইন ফরম পূরণের নিয়মাবলীঃ

১. Website: http://dgnm.teletalk.com.bd

২. ওয়েবসাইটে প্রবেশের আগে নিম্নবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণসমূহ সাথে রাখতে হবে, উপকরণগুলো না থাকলে ফরম পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/-(সাতশত) টাকা এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি বা ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ভর্তি পরীক্ষার ফি হিসেবে জমা দিতে হবে। **ফি জমা দেওয়ার পর আবেদনপত্র চুড়ান্তভাবে গৃহীত হবে।**

(ক) 300×300 pixel মাপের প্রার্থীর সদ্য তোলা রঙ্গিন ছবি (jpg) ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)।

(খ) 300×80 pixel মাপের স্ক্যান করা প্রার্থীর স্বাক্ষর (jpg) (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরী করা ও মিলিয়ে দেখার জন্য এই Home Page এ একটি Link দেওয়া আছে।

(গ) ৬.২(খ) এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবেন) অথবা Pendrive এ পূর্ব থেকে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।

(ঘ) ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদিসহ) লিখিতভাবে নিজের কাছে রাখতে হবে।

(ঙ) ভর্তিচ্ছু নার্সিং কলেজ/নার্সিং ও মিডওয়াইফারি ইনস্টিটিউটসমূহের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/ স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে। কারন পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবে না। নার্সিং কলেজ কোড-১০১ থেকে ১১৩ (সারনি-২), নার্সিং ইনস্টিটিউট কোড-২০১ থেকে ২৪৬ (সারনি-৩) এবং মিডওয়াইফারি ইনস্টিটিউট কোড ৩০১ থেকে ৩৪১ (সারনি-৪) জানা থাকতে হবে।

(চ) ভর্তি পরীক্ষার কেন্দ্র (Center) নির্বাচনে (সারনি-১) প্রয়োজন হবে। উপরোক্ত তথ্যগুলি এবং সাথে এই নিয়মাবলীর একটি কপি প্রস্তুত থাকলে-

(ছ) ওয়েব ব্রাউজার হতে http://dgnm.teletalk.com.bd এ প্রবেশ করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলীর একটি সংযোগ/লিংক দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

(জ) এখানে প্রার্থীদের এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার তথ্য ইনপুট দেওয়ার অপশন আছে। প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষার্থীর ডাটা ভেরিফিকেশন স্বপক্ষে এপ্লিকেশন ফরম প্রদর্শিত হবে।

(ঝ) প্রার্থী কোন কোটায় আবেদন করার সুযোগ থাকলে সংশ্লিষ্ট কোটার বাটনে ক্লিক করতে হবে। **কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজ দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরে এ অপশন পরিবর্তনের কোন সুযোগ নেই।**

(ঞ) এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষার প্রাপ্ত লেটার গ্রেডসমূহ এবং গ্রেড পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে **(উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, কারিগরি শিক্ষাবোর্ড, "ও" লেভেল/ "এ" লেভেল এর প্রার্থীরা তাদের অপশনে গিয়ে তথ্যসমূহ নিজেরা পূরণ করবেন)। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/এইচএসসি পাশ করা প্রার্থীদের ক্ষেত্রে তাদের নম্বরপত্র (মার্কসীট) স্ব-স্ব শিক্ষা বোর্ড কর্তৃক সঠিকতা যাচাই (ভেরিফিকেশন) করে ০৫-১২-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে জমা দিতে হবে। অন্যথায় প্রবেশপত্র উত্তোলন করা যাবে না।**

(ট) Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলা কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে ভর্তির সময় সে জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে।

(ঠ) মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবীদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অন লাইন আবেদনে এন্ট্রি করতে হবে, সনদ/স্মারক নম্বর ও তারিখ ছাড়া মুক্তিযোদ্ধা কোটায় অনলাইন এন্ট্রি হবে না। ভুল করে এ অপশন দিলে এবং কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে (মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরন করা হবে)।

(ড) এরপর Present Adress ও Permanent Adress পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ পূরণ করতেই হবে। না করলে পরের পৃষ্ঠায় যাওয়া যাবে না। Present Adress ও Permanent Adress এক হলে Permanent Adress এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

(ঢ) ১১ (এগার) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষনিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেয়ার পর এ মোবাইলে User ID ও Password এসএমএস এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে আরেকটি মোবাইল নম্বর দেয়া উচিৎ (প্রয়োজনে যোগাযোগের জন্য)।

(ণ) ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্বাচনঃ **আবেদনের সময় প্রার্থীকে পছন্দ অনুযায়ী ১০(দশ)টি নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট Choice Option পূরণ করতে হবে।** নার্সিং কলেজের লিস্ট (সারনি-২) থেকে পছন্দের কলেজটি হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডান দিকে চলে আসবে। এ ভাবে এক এক করে নিজের পছন্দ ক্রমানুসারে নার্সিং কলেজগুলোকে ডান দিকে নিতে হবে এবং ডান পাশের লিস্ট হবে পছন্দক্রম। কলেজ পছন্দের তালিকায় কম সংখ্যক কলেজের নাম থাকলে মেধা তালিকা থাকা সত্ত্বেও অপেক্ষমান তালিকায় নাম চলে যাওয়া এবং আসন না পাওয়ার সম্ভাবনা বেশী থাকে। এখানে কোন ভাবেই ভুল করা যাবে না। **অনুরুপভাবে নার্সিং ও মিডওয়াইফারি ইনস্টিটিউট পছন্দক্রমের ক্ষেত্রেও সারনি-৩ ও ৪ অনুসরণ করতে হবে।**

(ত) এবার পূর্ব থেকে তৈরী করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার অথবা পেনড্রাইভ থেকে ব্রাইজ করে সিলেক্ট করতে হবে।

(থ) পৃষ্ঠা শেষে Declaration বাটনে ক্লিক করে Submit ক্লিক করতে হবে।

(দ) কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে। ছবি ও স্বাক্ষর সাইজমত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর সাইজ মত করার অপশন অনলাইনে থাকবে।

(ধ) এ পৃষ্ঠায় একটি User ID Number দেখা যাবে। এ নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারন এটা দিয়ে Teletalk Prepaid মোবাইল থেকে আবেদনের ফি জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। এই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখা উচিৎ। কেননা, এই ছবি ও স্বাক্ষরেই তিনি সর্বত্র পরিচিত হবেন।

(ন) **সর্তকতাঃ** এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর/তথ্য যোগকরে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। একবার পরীক্ষার ফি জমা দিলে এরপর ছবি/স্বাক্ষর পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

(প) কারিগরি সহায়তার জন্য ০১৫১১-৬৬৫৪১৪, ০১৫১১-৬৬৫৪১৫ এবং ইমেইল admission.bnmc@gmail.com এ যোগাযোগ করা যাবে।

(ফ) প্রি-পেইড টেলিটক মোবাইলের মাধ্যমে ফি জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। ফরম পূরণের সময় লেখা তারকা চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল নম্বর ব্যবহার করা যাবে। এই User ID ও Password দিয়ে **১৫ ডিসেম্বর ২০১৯ হতে ১৯ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত (রাত ১১.৫৯ মি. পর্যন্ত) প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।**

(ব) **ফি এর টাকা শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে জমা দিতে হবে। প্রয়োজনীয় SMS ফরম পূরণের সময় প্রদত্ত মোবাইল নম্বরে দেওয়া হবে।**

(ভ) **<u>ফি জমা দেয়ার পদ্ধতিঃ-</u>**

(ক) DGNM <Space> User ID টাইপ করে Send করুন 16222 নম্বরে।

(খ) DGNM <Space> YES <Space> PIN দিয়ে Send করুন 16222 নম্বরে।

PIN Number টি সঠিকভাবে লেখা হলে উক্ত টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পরীক্ষার ফি বাবদ বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS এ User ID ও Password দেওয়া হবে।

(ম) **নির্ধারিত তারিখের মধ্যে** http://dgnm.teletalk.com.bd **লিংক থেকে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। বিষয়টি SMS এর মাধ্যমেও জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পূণরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।**

(য) সারনি-১ এ বর্ণিত ০৮ (আট) টি Centre Code এর মধ্যে একজন পরীক্ষার্থী যে কোন একটি Centre পছন্দ করতে পারবেন। সেন্টারের নাম ও কোড নম্বর নিম্নরূপঃ

<u>সারণি-১</u> (পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড)

| NAME OF EXAM: | CODE NUMBER |
|---|---|
| **DHAKA** | 1 |
| **CHATTAGRAM** | 2 |
| **RAJSHAHI** | 3 |
| **KHULNA** | 4 |
| **SYLHET** | 5 |
| **BARISHAL** | 6 |
| **RANGPUR** | 7 |
| **MYMENSHINGH** | 8 |

## বিএসসি ইন নার্সিং কোর্স এর জন্য নার্সিং কলেজের নাম ও আসন সংখ্যাঃ

### সারণি-২

| Code No | Name of the Govt: Nursing College | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 101 | Dhaka Nursing College, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 102 | Rajshahi Nursing College, Rajshahi | Bachelor of Science in Nursing | 100 |
| 103 | Chattagram Nursing College, Chattagram | Bachelor of Science in Nursing | 100 |
| 104 | Mymenshing Nursing College, Mymenshingh | Bachelor of Science in Nursing | 100 |
| 105 | Rangpur Nursing College, Rangpur | Bachelor of Science in Nursing | 100 |
| 106 | Sylhet Nursing College, Sylhet | Bachelor of Science in Nursing | 100 |
| 107 | Barishal Nursing College, Barishal | Bachelor of Science in Nursing | 100 |
| 108 | Dinajpur Nursing College, Dinajpur | Bachelor of Science in Nursing | 100 |
| 109 | College of Nursing, Sher-e- Bangla Nagor, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 110 | Manikgonj Nursing College, Manikgonj | Bachelor of Science in Nursing | 100 |
| 111 | Shahid Tajuddin Ahmed Nursing College, Gazipur | Bachelor of Science in Nursing | 100 |
| 112 | Lalmonirhat Nursing College, Lalmonirhat | Bachelor of Science in Nursing | 50 |
| 113 | Bandarban Nursing College, Bandarban | Bachelor of Science in Nursing | 50 |
| | | Total: | 1200 |

### সারণি-৩

## ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ইনস্টিটিউট এর নাম ও আসন সংখ্যা

| Code N0 | Name of the Govt: Nursing Institute | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 201 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 202 | Nursing Institute, Khulna | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 203 | Nursing Institute, Comilla | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 204 | Nursing Institute, Faridpur | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 205 | Nursing Institute, Tangail | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 206 | Nursing Institute, Bogura | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 207 | Nursing Institute. Dinajpur | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 208 | Nursing Institute, Pabna | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 209 | Nursing Institute, Rangamati | Diploma in Nursing Science & Midwifery | 80 |

| | | | |
|---|---|---|---|
| 210 | Nursing Institute, Noakhali | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 211 | Nursing Institute, Kushtia | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 212 | Nursing Institute, Jessore | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 213 | Nursing Institute, Patuakhali | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 214 | Nursing Institute, Munshigonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 215 | Nursing Institute, Netrokona | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 216 | Nursing Institute, Sherpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 217 | Nursing Institute, Rajbari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 218 | Nursing Institute, Serajgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 219 | Nursing Institute Chapai Nowabgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 220 | Nursing Institute, Kurigram | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 221 | Nursing Institute, Joypurhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 222 | Nursing Institute, Thakurgaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 223 | Nursing Institute, Brahmonbaria | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 224 | Nursing Institute, Cox's Bazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 225 | Nursing Institute, Feni | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 226 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 227 | Nursing Institute, Bhola | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 228 | Nursing Institute, Bagerhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 229 | Nursing Institute, Chuadanga | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 230 | Nursing Institute, Magura | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 231 | Nursing Institute, Satkhira | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 232 | Nursing Institute, Gopalgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 233 | Nursing Institute, Madaripur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 234 | Nursing Institute, Perojpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |

| | | | |
|---|---|---|---|
| 235 | Nursing Institute, Borguna | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 236 | Nursing Institute, Naogaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 237 | Nursing Institute, Nilphamari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 238 | Nursing Institute, Panchagorh | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 239 | Nursing Institute, Kishorgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 240 | Nursing Institute, Jamalpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 241 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 242 | Nursing Institute, Chandpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 243 | Nursing Institute, Habigonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 244 | Syeda Zohra Tajuddin Nursing College, Kapasia, Gazipur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 245 | Lalmonirhat Nursing College, Lalmonirhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 246 | Bandarban Nursing College, Bandarban | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| | | Total: | 2730 |

## সারণি-৪

### ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ইনস্টিটিউটের নাম ও আসন সংখ্যা

| Institute Code No | Name of the Govt:Midwifery Institute | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 301 | Dhaka Nursing College, Dhaka | Diploma in Midwifery | 50 |
| 302 | Rajshahi Nursing College , Rajshahi | Diploma in Midwifery | 25 |
| 303 | Chattagram Nursing College, Chattagram | Diploma in Midwifery | 25 |
| 304 | Mymenshingh Nursing College, Mymenshingh | Diploma in Midwifery | 25 |
| 305 | Rangpur Nursing College, Rangpur | Diploma in Midwifery | 25 |
| 306 | Sylhet Nursing College, Sylhet | Diploma in Midwifery | 25 |
| 307 | Barishal Nursing College, Barishal | Diploma in Midwifery | 25 |
| 308 | Bogura Nursing College, Bogura | Diploma in Midwifery | 25 |
| 309 | Fouzderhat Nursing College, Chattagram | Diploma in Midwifery | 25 |
| 310 | Manikgonj Nursing College, Manikgonj | Diploma in Midwifery | 25 |
| 311 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Midwifery | 25 |
| 312 | Nursing Institute, Comilla | Diploma in Midwifery | 25 |
| 313 | Nursing Institute, Noakhali | Diploma in Midwifery | 25 |
| 314 | Nursing Institute, Tangail | Diploma in Midwifery | 25 |
| 315 | Nursing Institute, Faridpur | Diploma in Midwifery | 25 |
| 316 | Nursing Institute, Khulna | Diploma in Midwifery | 25 |
| 317 | Nursing Institute, Jessore | Diploma in Midwifery | 25 |

| | | | |
|---|---|---|---|
| 318 | Nursing Institute, Kushtia | Diploma in Midwifery | 25 |
| 319 | Nursing Institute, Satkhira | Diploma in Midwifery | 25 |
| 320 | Nursing Institute, Pabna | Diploma in Midwifery | 25 |
| 321 | Nursing Institute, Dinajpur | Diploma in Midwifery | 25 |
| 322 | Nursing Institute, Bogura | Diploma in Midwifery | 25 |
| 323 | Nursing Institute, Monshigonj | Diploma in Midwifery | 25 |
| 324 | Nursing Institute, Gopalgonj | Diploma in Midwifery | 25 |
| 325 | Nursing Institute, Hobigonj | Diploma in Midwifery | 25 |
| 326 | Nursing Institute, Chandpur | Diploma in Midwifery | 25 |
| 327 | Nursing Institute, Serajgonj | Diploma in Midwifery | 25 |
| 328 | Nursing Institute, Rajbari | Diploma in Midwifery | 25 |
| 329 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Midwifery | 25 |
| 330 | Nursing Institute, Joypurhat | Diploma in Midwifery | 25 |
| 331 | Nursing Institute, Kisoregonj | Diploma in Midwifery | 25 |
| 332 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Midwifery | 25 |
| 333 | Nursing Institute, Feni | Diploma in Midwifery | 25 |
| 334 | Nursing Institute,Kurigram | Diploma in Midwifery | 25 |
| 335 | Nursing Institute, Perojpur | Diploma in Midwifery | 25 |
| 336 | Nursing Institute, Naogaon | Diploma in Midwifery | 25 |
| 337 | Nursing Institute, Rangamati | Diploma in Midwifery | 25 |
| 338 | Nursing Institute, Patuakhali | Diploma in Midwifery | 25 |
| 339 | Syeda Zohra Tajuddin Nursing College, Kapasia, Gazipur | Diploma in Midwifery | 25 |
| 340 | Lalmonirhat Nursing College, Lalmonirhat | Diploma in Midwifery | 25 |
| 341 | Bandarban Nursing College, Bandarban | Diploma in Midwifery | 25 |
| | | Total: | 1050 |

৭. অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ১৫ নভেম্বর ২০১৯ দুপুর ১২.০০ টা হতে।

৮. অনলাইনে আবেদনের শেষ তারিখঃ ২৯ নভেম্বর ২০১৯ তারিখ (সন্ধ্যা ৭.০০ টা পর্যন্ত)। এর পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৯. ভর্তি পরীক্ষার তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৯ শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত ০১ (এক) ঘন্টা।

**১০. প্রার্থী মূল্যায়ন ও নম্বর বিভাজনঃ**

(ক) এসএসসি (সমমান) ও এইচএসসি (সমমান) এর জিপিএ এবং প্রার্থীর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মূল্যায়ন করা হবে।

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৪ গুণিতক = ২০ নম্বর (সর্বোচ্চ)

এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৬ গুণিতক = ৩০ নম্বর (সর্বোচ্চ)

MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর মোট নম্বর = ১৫০ নম্বর।

(খ) লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি)= ১০০নম্বর।

- বিএসসি ইন নার্সিং কোর্সের বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ বাংলা-২০, ইংরেজী ২০, গনিত ১০, বিজ্ঞান-৩০ (জীব বিজ্ঞান, পদার্থ ও রসায়ন) এবং সাধারণ জ্ঞান ২০ অর্থাৎ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ বাংলা-২০, ইংরেজী ২০, গনিত ১০, সাধারণ বিজ্ঞান-২৫ এবং সাধারণ জ্ঞান ২৫ অর্থাৎ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। **ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০ (চল্লিশ)।**

(গ) পাশকৃত প্রার্থীদের মধ্যে মেধাতালিকার ভিত্তিতে সরকারি প্রতিষ্ঠানে এবং অবশিষ্ট প্রার্থীরা বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবেন। লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) এর কম নম্বর প্রাপ্ত প্রার্থীগণ অকৃতকার্য বলে গণ্য হবেন। **অকৃতকার্য কোন প্রার্থী সরকারি ও বেসরকারি কোন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন না। প্রার্থী যে কোর্সে আবেদন করবে কেবলমাত্র সেই কোর্সে ভর্তির সুযোগ পাবে।**

১১. আগামী ১৫ নভেম্বর ২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকা হতে ২৯ নভেম্বর ২০১৯ তারিখ (রাত ১১.৫৯ মি.) পর্যন্ত উল্লেখিত নিয়মে অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণের সুযোগ থাকবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে যদি কোন ছাত্র-ছাত্রী এইচএসসি(সমমান) পরীক্ষায় উত্তীর্ণ হন, তবে তিনি ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নার্সিং কোর্সসমূহের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন না।

১২. জাতীয় মেধা তালিকা ও প্রার্থী নির্বাচনঃ

(ক) এসএসসি (সমমান) ও এইচএসসি (সমমান) এর জিপিএ হতে প্রাপ্ত ও ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) প্রকাশ করা হবে।

(খ) সরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এ মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের জন্য মোট আসনের ২% আসন সংরক্ষিত থাকবে( সংরক্ষিত কোটায় প্রার্থী না পাওয়া গেলে অপেক্ষমান তালিকার প্রার্থী দিয়ে শুন্য আসন পূরণ করা হবে)। অবশিষ্ট ৯৮% আসনের মধ্যে ৬০% প্রার্থী জাতীয় মেধা এবং ৪০% প্রার্থী জেলা কোটায় নির্বাচন করা হবে।

(গ) নির্বাচিত প্রার্থীদের অর্জিত মেধাক্রম এবং নার্সিং কলেজ/ ইনস্টিটিউট পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হবেন, তা স্বয়ংক্রিয়ভাবে নির্বাচন করা হবে।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীগণের কোটার স্বপক্ষে ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠণের পর থেকে মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী ও সচিব স্বক্ষরিত সনদ ( মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুসরণ করা হবে)।

(ঙ) পরীক্ষায় অবতীর্ণ/নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়েছে) অসম্পূর্ণ বা ভুল প্রমানিত হলে তার পরীক্ষা/ফলাফল/ ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(চ) কোন প্রার্থী/ আবেদনকারী মুক্তিযোদ্ধা বা অন্য কোন কোটা ভুল করে পূরণ করলে সাথে সাথেই নতুনভাবে (টাকা জমা দেয়ার পূর্বে) ফরম পূরণ করতে হবে। কারন প্রার্থীর চাহিত কোটায় আসন বরাদ্দ হলে পরবর্তীতে উক্ত কোটার সংশ্লিষ্ট কাগজ-পত্র দেখাতে না পারলে আসন বরাদ্দ বাতিল হয়ে যাবে। তখন আর সাধারণ কোটা বরাদ্দেরও কোন সুযোগ থাকবে না।

(ছ) পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং ডিজিএনএম এর ওয়েবসাইট www.dgnm.gov.bd ও বিএনএমসি'র ওয়েবসাইট www.bnmc.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

**১৪. নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ**

(ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/ সাময়িক সনদপত্র;

(খ) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডসিট/ মার্কসীট;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) রঙ্গিন ছবি;

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায়(মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

(ঙ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র;

(চ) বাংলাদেশের নাগরিক যারা বিদেশী শিক্ষা (O-Level/ A Level) কারিকুলামে এসএসসি/এইচএসসি বা এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কসীটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএ তে রুপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকায় আবেদন করে Equivalence Certificate বা সমতাকরণ সনদ গ্রহণ করতে হবে।

(ছ) জেলা কোটা দাবীর ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদ পত্র দাখিল করতে হবে।

১৫. অন্যান্য লক্ষণীয় বিষয়াবলীঃ

(ক) প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবেন তা নির্ভর করবে ভর্তির লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও প্রার্থী কর্তৃক দেয় পছন্দ ক্রমানুসারে।

(খ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন।

(গ) ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে বিদ্যমান মোট আসনের মধ্যে ৯০% মহিলা ও ১০% পুরুষ শিক্ষার্থী ভর্তি করা হবে।

(ঙ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন,পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পূনঃ সংযোজনের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনে কেন্দ্রীয় নির্বাচন/ভর্তি কমিটি ক্ষমতা সংরক্ষণ করেন।

(চ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন/ ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

১৬. কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি-নিষেধঃ

(ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ণ করতে পারবেন না;

(খ) সিলেবাস/কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা দিবা ও নৈশকালীন /ব্যবহারিক (ক্লিনিক্যাল প্রাকটিসে) প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে;

(গ) কোর্সে অধ্যয়ণকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হবে;

(ঘ) কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রণীত বিধি-বিধান ও নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলতে হবে;

(ঙ) পুরুষ প্রার্থীকে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে এবং আবাসিক সংকুলান না হলে মহিলা প্রার্থীগণকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে;

(চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ছ) কোর্স সমাপ্তির পর সরকারি চাকুরির কোন নিশ্চয়তা প্রদান করা হবে না;

(জ) অধ্যয়ণকালীন সময় ড্রেসকোড অনুযায়ী পোষাক পরিধান করতে হবে।

| ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচী |
|---|
| অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ১৫ নভেম্বর ২০১৯ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা হতে |
| অনলাইনে আবেদনের শেষ তারিখঃ ২৯ নভেম্বর ২০১৯খ্রি. সন্ধ্যা ৭.০০ ঘটিকা পর্যন্ত |
| অনলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখঃ ৩০ নভেম্বর ২০১৯ (রাত ১১.৫৯ মি. পর্যন্ত) |
| প্রবেশপত্র ডাউনলোডের তারিখঃ ১৫ ডিসেম্বর ২০১৯ হতে ১৯ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত (রাত ১১.৫৯ মি. পর্যন্ত) |
| ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখঃ ২০ ডিসেম্বর ২০১৯খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত ০১(এক) ঘন্টা |

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ইমেইলঃ info@dgnm.gov.bd